



**অধ্যক্ষ শইখ শরফুদ্দিনের
ইন্তেকাল**

(স্টাফ রিপোর্টার)

বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যক্ষ শইখ শরফুদ্দিন গতকাল দুপুরে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে স্যার সালিমুল্লাহ মেডিক্যাল কলেজে হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্ফার্মিলিটিতে...রাজেউল)। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

মরহুম শইখ শরফুদ্দিনের নামাজে জানাজা আজ রোববার বাদ জোহর বারতুল মোকাররম মসজিদে অনুষ্ঠিত হবে।

তিনি স্ত্রী চরপত্র, পঁচকন্যা বহু আত্মীয়স্বজন এবং গৃহগৃহী রেখে গেছেন। তাঁর জ্যেষ্ঠ পুত্র বিশিষ্ট শিক্ষাবিদ ও বিজ্ঞানী ডাক্তার (শেষ পৃঃ ৫-এর কঃ দঃ)

ইন্তেকাল

(১ম পঃ পর)

আবদুল্লাহ আল মৃত্তী শরফুদ্দিন বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব।

মরহুম শইখ শরফুদ্দিন পাবনার জন্মগ্রহণ করেন। এদেশের শিক্ষা ক্ষেত্রে তিনি ছিলেন একজন বিশিষ্ট ক্রান্তিতর। দীর্ঘকাল বিভিন্ন সরকারী কাজে অধ্যাপনার পর ১৯৫৫ সালে ঢাকার আলিয়া মাদ্রাসা থেকে তিনি অধ্যক্ষ হিসাবে অবসর গ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করা ছাড়াও তিনি জগন্নাথ কলেজের অধ্যক্ষের দায়িত্ব পালন করেন। ১৯৬৫ সালে তিনি গবেষণক ও বিশেষজ্ঞ হিসাবে বাংলা একাডেমীতে যোগ দেন এবং ১৯৭০ সালে অবসর নেন।

মননস্পীল ইসলামী সাহিত্য চর্চায় মরহুম শইখ শরফুদ্দিন ছিলেন আজীবন উৎসাহী। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থসমূহের মধ্যে রয়েছে : দি নেশন অব এভারলিউশন থ্রু দি এজেন্সি দি হিজরা এন্ড দি চার্চ, বাংলাদেশে সুফী প্রভাব ও ইসলাম প্রচার, পবিত্র জীবন, আরবী ভাষা ও সাহিত্য ইত্যাদি।